গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০০.০০৪.০১.০০৫০.২৫-২৫৪ তারিখ : ০৯-০৭-২০২৬ খ্রি.

বিষয় : **নিয়োগ পত্র।**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ৩০-১০-২০২৫ খ্রি. তারিখের ৫১.০০.০০০০.৪১০.১১.০০৩.২০.১৪৯ নং স্মারক; ২৬-১১-২০২৫ খ্রি. তারিখের ৫১.০০.০০০০.৪১০.১১.০০৩.২০.১৬১ নং স্মারকের ছাড়পত্র; দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০৪-১২-২০২৫ খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০০৪.০১.০৫০.২৫.৫২৪ নং স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি এবং বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৪তম গ্রেড (১০,২০০-২৪,৬৮০/-) ও সরকার প্রদত্ত অন্যান্য সুবিধাসহ বর্ণিত শর্তে **ক্যাশিয়ার** পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো।

| মেধাক্রম | পরীক্ষার রোল নম্বর | আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম ও স্থায়ী ঠিকানা |
|---|---|---|
| ০১ | ১২০০০১৩৭ | জনাব মোঃ তাজুল ইসলাম জয়<br>পিতা- মোঃ মাঈন উদ্দীন, মাতা- হাওয়া নুর<br>গ্রামঃকাঠালতলী, ডাকঘর- আটি বাজার<br>উপজেলা- কেরানীগঞ্জ, জেলা- ঢাকা |
| ০২ | ১২০০০৭৫৫ | জনাব মোঃ ইব্রাহীম<br>পিতা- মোঃ মহিব উল্যা, মাতা- পেয়ারা বেগম<br>গ্রামঃ বাসন্ডা, ডাকঘর- বেল্টা<br>উপজেলা- নাঙ্গলকোট, জেলা- কুমিল্লা |

**শর্তাবলী :**

১। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরাধীন প্রধান কার্যালয়, জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ে যে কোন কর্মস্থলে বদলি/পদায়ন করা হলে তিনি বদলি/পদায়নকৃত কর্মস্থলে চাকুরি করতে বাধ্য থাকবেন।

২। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং নিয়োগপ্রাপ্ত কর্মচারী ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসাবে গণ্য হবে। যদি উক্ত সময়কালের মধ্যে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে কিংবা তাঁর কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে কর্তৃপক্ষ তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবেন।

৩। শিক্ষানবিশকাল সফলতার সাথে সম্পন্ন করার পর বিধি মোতাবেক চাকুরি স্থায়ীকরণ করা হবে।

৪। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে যোগদানের সময় নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদ দাখিল করতে হবে। এক্ষেত্রে ডোপ টেস্ট বাধ্যতামূলক। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোনরূপ বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ তাঁর নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৫। নিয়োগপ্রাপ্ত প্রার্থীর চরিত্র ও প্রাক কার্যাবলী সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক হতে হবে। যোগদানের পর পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন ফরম (৪ সেট) পূরণপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রাদিসহ এ অফিসে দাখিল করতে হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ তাঁকে নিয়োগকৃত পদ হতে বিনা নোটিশে অপসারণ করতে পারবেন।

৬। ০১ (এক) মাস পূর্বে কর্তৃপক্ষকে অবহিত করে ০১ (এক) মাসের বেতন সরকারি কোষাগারে জমা দিয়ে কোন কর্মচারী চাকুরি ইস্তফা দিতে পারবেন।

৭। চাকুরিতে যোগদানের লক্ষ্যে ভুল তথ্য প্রদান করা হলে বা পুলিশ প্রতিবেদনে বিরূপ মন্তব্য পাওয়া গেলে কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করা যাবে।

৮। শিক্ষানবিশকালে কর্মচারীর আচরণ সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৯। এ অফিস আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশাবলী প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।

১০। উপরোক্ত শর্তাবলীর প্রতি একমত পোষণ করলে নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের আগামী ২২-০৭-২০২৬ খ্রি. তারিখে আবশ্যিকভাবে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২ বরাবর যোগদান পত্র দাখিল করতে হবে।

১১। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

১২। এ চাকুরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা / দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

১৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

০৯-০৭-২৬

( রেজওয়ানুর রহমান )
মহাপরিচালক
ফোন : ০২-৫৮৮১৫৪৯৫

স্মারক নং- ৫১.০১.০০০০.০০০.০০৪.০১.০০৫০.২৫-২৫৪ তারিখ : ০৯-০৭-২০২৬ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৪। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]।

৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা [মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য]।

৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

৭। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।

৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।

৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... (সকল)।

১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... (সকল)।

১১। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। জনাব ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

১৪। সংরক্ষণ/ব্যক্তিগত নথি।

০৯/০৭/২০২৬

( তৌহিদ এলাহী )
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-২)
ফোন : ০২-২২২২৮৬০১৭